গত ০৫-০৯-২০১৬খ্রিঃ রোজ-সোমবার বিকাল ১৫.০০ ঘটিকায় ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত ঢাকা মহানগরীর রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/মিরপুর/গুলশান/তেজগাঁও/উত্তরা বিভাগের আগষ্ট/২০১৬খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা ও অপহরণ মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তে মনিটরিং সেলের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব শেখ মুহম্মদ মারুফ হাসান বিপিএম
অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

তারিখ ঃ ০৫-০৯-২০১৬খ্রিঃ ।
সময় ঃ বিকাল ১৫.০০ ঘটিকা।
স্থান ঃ ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষ (৩য় তলা)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) ঃ

১। জনাব কৃষ্ণ পদ রায়, যুগ্ম-পুলিশ কমিশনার (অপরাধ), ডিএমপি, ঢাকা।
২। জনাব মাশরুকুর রহমান খালেদ, উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-দক্ষিণ), ডিএমপি, ঢাকা।
৩। জনাব মোঃ সাজ্জাদুর রহমান, উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-পশ্চিম) ডিএমপি, ঢাকা।
৪। জনাব মোঃ আনিসুর রহমান, উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন) বিভাগ, ডিএমপি, ঢাকা।
৫। জনাব খোন্দকার নূরন্নবী, পিপিএম, (সেবা), উপ-পুলিশ কমিশনার(গোয়েন্দা-পূর্ব) ডিএমপি, ঢাকা।
৬। জনাব মীর মোদ্দাছ্ছের হোসেন, উপ-পুলিশ কমিশনার(সিরিয়াস ক্রাইম এন্ড ইনভেস্টিগেশন) ডিএমপি, ঢাকা।
৭। জনাব মোঃ হুমায়ুন কবীর, অতিঃ উপ-পুলিশ কমিশনার (ক্রাইম) ডিএমপি, ঢাকা।
৮। জনাব শাহেন শাহ্, সিনিঃ এসি (কোতয়ালী জোন) ডিএমপি, ঢাকা।
৯। জনাব মোহাম্মদ নুর আলম, সিনিঃ এসি (খিলগাঁও জোন), ডিএমপি, ঢাকা।
১০। জনাব মোঃ রেজাউর রহমান, সিনিঃ এসি (দক্ষিণখান জোন), ডিএমপি, ঢাকা।
১১। জনাব মোঃ কামরুল ইসলাম, সিনিঃ এসি (শ্যামপুর জোন), ডিএমপি, ঢাকা।
১২। জনাব এস এম তারেক রহমান, সিনিঃ এসি (ডেমরা জোন), ডিএমপি, ঢাকা।
১৩। জনাব আবু তাহের মোহাম্মদ আব্দুল্লাহ, সিনিঃ এসি, (বাড্ডা জোন), ডিএমপি, ঢাকা।
১৪। জনাব মোঃ হাফিজ আল ফারুক, সিনিঃ এসি (মোহাম্মদপুর জোন), ডিএমপি, ঢাকা।
১৫। জনাব এস.এম.শিবলী নোমান, পিপিএম(বার), সিনিঃ এসি (রমনা জোন), ডিএমপি, ঢাকা।
১৬। জনাব এ বি এম জাকির হোসেন, এসি (পল্লবী জোন), ডিএমপি, ঢাকা।
১৭। জনাব রুহুল আমীন সাগর, এসি(ধানমন্ডি জোন), ডিএমপি, ঢাকা।
১৮। জনাব মোঃ কামরুজ্জামান সরদার, এসি(তেজগাঁও শিল্পাঞ্চল জোন) ডিএমপি, ঢাকা।
১৮। জনাব মোঃ ওবায়দুর রহমান, এসি (সবুজবাগ জোন), ডিএমপি, ঢাকা।
১৯। জনাব ইশতিয়াক হাসান আমীন,এসি (অপরাধ), ডিএমপি, ঢাকা।
২০। জনাব কানিজ ফাতেমা, এসি(চকবাজার জোন), ডিএমপি, ঢাকা।
২১। জনাব মোঃ ইহসানুল ফিরদাউস, এসি (মতিঝিল জোন), ডিএমপি, ঢাকা।
২২। জনাব সৈয়দ মামুন মোস্তফা, এসি (দারুসসালাম জোন), ডিএমপি, ঢাকা।
২৩। জনাব সালাহ্ উদ্দিন, এসি (লালবাগ জোন), ডিএমপি, ঢাকা।
২৪। জনাব ইশতিয়াক আহমেদ, এসি(অপরাধ-২), ডিএমপি, ঢাকা।

এছাড়াও সভায় সংশ্লিষ্ট থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ও মামলার তদন্তকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মামলার সুষ্ঠু তদন্ত নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়। আলোচিতব্য প্রতিটি মামলার তদন্তকারী অফিসারকে বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়।

১। ধানমন্ডি থানার মামলা নং-০১ তারিখ- ০২/০৮/২০১৬ খ্রিঃ ধারা- ৩৬৪/৩০২/২০১ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনাটি ডাচ্ বাংলা চেম্বার অব কমার্সের সভাপতি হাসান খালেদকে হত্যার ঘটনা। মামলা সংক্রান্তে কোন আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি। ভিকটিমের ময়না তদন্ত রিপোর্ট পাওয়া যায়নি।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) ঘটনায় জড়িত আসামীদের দ্রুত গ্রেফতারপূর্বক মামলার রহস্য উদঘাটনের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, ডিবির টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২। রমনা মডেল থানার মামলা নং-৪৪ তারিখ- ২৪/০৮/২০১৬ খ্রিঃ ধারা- ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধনী ২০০৩) এর ১০ ধারা তৎসহ ৩২৪/৩২৬/৩০৭ পিসি। পরবর্তীতে সংযুক্ত ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি উইলস্ লিটল ফ্লাওয়ার স্কুলের অষ্টম শ্রেনীর ছাত্রী সুরাইয়া আক্তার রিসা হত্যা মামলা। অত্র মামলা মূল আসামী ওবায়দুরকে গ্রেফতার করা হয়েছে। আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। হত্যায় ব্যবহৃত ছোরা উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

(২) চার্জশীট দাখিল করে মামলাটি দ্রুত বিচার ট্রাইব্যুনালে প্রেরণের আবেদন করার নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, সহকারী পুলিশ কমিশনার, থানার অফিসার-ইনচার্জ, ইন্সপেক্টর (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩। কোতয়ালী থানার মামলা নং-১০ তারিখ-১০/০৮/২০১৬ খ্রিঃ ধারা-৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, টাকা পয়সা লেনদেনের ফলে সৃষ্ট দ্বন্দের কারণে ভিকটিমকে আসামীর বাসায় ডেকে এনে মুখে স্কচটেপ পেঁচিয়ে হত্যা করা হয়। অত্র মামলার ঘটনায় মূল আসামী এখলাসকে গ্রেফতার করা হয়েছে। আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, সহকারী পুলিশ কমিশনার, থানার অফিসার-ইনচার্জ, ইন্সপেক্টর (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪। লালবাগ থানার মামলা নং-১২ তারিখ-১১/০৮/২০১৬ খ্রিঃ ধারা-৩২৮/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিম ডায়াবেটিসের রোগী ছিল। লালবাগ এতিমখানা মোড়ে ভিকটিমকে অজ্ঞান অবস্থায় উদ্ধার করে ঢাকা মেডিকেল হাসপাতালে ভর্তি করলে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়। মামলার ঘটনায় অজ্ঞান পার্টির ০২জন সন্দিগ্ধ আসামীকে গ্রেফতার করা হয়েছে। ভিকটিমের ময়না তদন্ত রিপোর্ট পাওয়া যায়নি।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) প্রথমে ভিকটিমের মৃত্যুর কারণ সর্ম্পকে অবগত হয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেয়া হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৫। কামরাঙ্গীরচর থানার মামলা নং-০৮ তারিখ-০৮/০৮/২০১৬ খ্রিঃ ধারা-৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি দাদা কর্তৃক তার নাতনীকে বুকে থাবা মেরে হত্যার ঘটনা। এজাহারনামীয় ০১জন আসামী দাদাকে গ্রেফতার করা হয়েছে। ভিকটিমের ময়না তদন্তে হত্যা করা হয়েছে মর্মে রিপোর্ট পাওয়া গেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৬। সবুজবাগ থানার মামলা নং-১৯ তারিখ- ১৩/০৮/২০১৬ খ্রিঃ ধারা-৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি মা কর্তৃক তার দুই সন্তানকে হত্যা করার ঘটনা। মূল আসামী মাকে গ্রেফতার করা হয়েছে। আসামীর পায়ের ছাপ সংগ্রহ করে সিআইডিতে প্রেরন করা হয়েছে। হত্যার কাজে ব্যবহৃত চাপাতিটি জব্দ করা হয়েছে। আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৭। রামপুরা থানার মামলা নং-০৬ তারিখ- ০৮/০৮/২০১৬ খ্রিঃ ধারা- ৩০২/৩৪পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিম ও আসামী দুজনেই বন্ধু ছিল। দুই জন একত্রে মদ্যপান করলে ভিকটিম অসুস্থ হয়ে পড়ে এবং হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়। ভিকটিমের ভিসেরা রিপোর্ট পাওয়া যায় নাই।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) ভিসেরা রিপোর্ট সংগ্রহ পূর্বক পর্যালোচনা করে সিদ্ধান্ত নেওয়ার নির্দেশ প্রদান করেন।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৮। ডেমরা থানার মামলা নং-৩৮ তারিখ-২৫/০৮/২০১৬ খ্রিঃ ধারা-৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি স্বামী কর্তৃক তার স্ত্রীকে হত্যার ঘটনা। মামলার ঘটনায় আসামীর মোবাইল কললিষ্ট সংগ্রহ করে কিশোরগঞ্জ হতে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৯। কদমতলী থানার মামলা নং-২১ তারিখ-০৮/০৮/২০১৬ খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিমের মোবাইল হারানোকে কেন্দ্র করে আসামী ও ভিকটিমের সাথে মারামারি হয় এবং এক পর্যায়ে হত্যাকান্ডটি সংঘটিত হয়। মামলায় কোন আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) মামলার মূল রহস্য উদঘাটনে ডিবির সহায়তা নেওয়ার নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

১০ । আদাবর থানার মামলা নং-১৬ তারিখ- ২৯/০৮/২০১৬ খ্রিঃ ধারা- ৩০২পিসি ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় প্রথমে একটি অপমৃত্যু মামলা রুজু হয় । পরবর্তীতে পিএম রিপোর্ট পেয়ে হত্যা মামলা রুজু হয় । এখন পর্যন্ত ভিকটিমকে সনাক্ত করা সম্ভব হয়নি ।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

১১ । দারুসসালাম থানার মামলা নং- ০৭, তাং- ০৪/০৮/১৬খ্রিঃ ধারা- ৩০২/২০১/৩৪ পিসি ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, কবুতর পোষাকে কেন্দ্র করে অত্র মামলার ভিকটিমের ভাইয়ের সাথে আসামীর ঝগড়াকে কেন্দ্র করে ভিকটিমকে হত্যা করা হয় । মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে । আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে ।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

১২ । দক্ষিণখান থানার মামলা নং-১৬ তারিখ-২১/০৮/২০১৬ খ্রিঃ ধারা-৪৪৮/৩০২/৩৪ পিসি ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, কললিষ্ট সংগ্রহ করে পর্যালোচনা করা হচ্ছে । কিন্তু অত্র মামলার উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই ।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

(২) মামলাটি সিরিয়াস ক্রাইম এন্ড ইনভেস্টিগেশন বিভাগে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

১৩ । তেজগাঁও শিল্পাঞ্চল থানার মামলা নং-১৪ তারিখ-১১/০৮/২০১৬ খ্রিঃ ধারা-৩৯৫/৩৯৭ পিসি ।

আলোচনাঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি ট্রাকসহ ৩২০ বস্তা চিনি ডাকাতির ঘটনা । ঘটনায় জড়িত সন্দিগ্ধদের কললিষ্ট পর্যালোচনা করে ০১ জন আসামীকে গ্রেফতার করা হয় । পরবর্তীতে তার স্বীকারোক্তি মোতাবেক সুমন নামে ০১ জনসহ মোট ০৩জন ডাকাতকে গ্রেফতার করা হয় এবং আশুলিয়া হতে ২৮৬ কেজি চিনি ও ট্রাক উদ্ধার করা হয় । ০৩ জন আসামীই বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে ।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার নির্দেশ প্রদান করা হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

১৪ । হাজারীবাগ থানার মামলা নং-১২ তারিখ- ১৭/০৮/২০১৬ খ্রিঃ ধারা- ১৭০/১৭১/৩৯২/৪১১পিসি ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি ভূয়া পুলিশ সেজে মোটর সাইকেল ছিনতাইয়ের ঘটনা । ঘটনায় জড়িত মূল আসামীকে কোতয়ালী থানা পুলিশ মোটর সাইকেল সহ গ্রেফতার করে ।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

১৫ । কোতয়ালী থানার মামলা নং-১১ তারিখ-১১/০৮/২০১৬ খ্রিঃ ধারা-৩৯২ পিসি ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলায় ০১জন আসামীকে গ্রেফতার করা হয়েছে । আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে । পলাতক অন্যান্য আসামীদের নাম ঠিকানা পাওয়া গেছে । তাদের গ্রেফতারের চেষ্টা অব্যাহত আছে ।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

১৬ । চকবাজার থানার মামলা নং-২৪ তারিখ- ২৭/০৮/২০১৬ খ্রিঃ ধারা-৩৯২ পিসি ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে । পলাতক অন্যান্য আসামীদের নাম ঠিকানা পাওয়া গেছে । তাদের গ্রেফতারের চেষ্টা অব্যাহত আছে ।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

১৭ । বংশাল থানার মামলা নং-২৫ তারিখ- ২৫/০৮/২০১৬ খ্রিঃ ধারা-৩৯২ পিসি ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলায় কোন আসামী গ্রেফতার করা সম্ভব হয়নি । মামলাটি নিয়ে ডিবি কাজ করছে ।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনার সহিত জড়িত আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ দেয়া হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

১৮ । যাত্রাবাড়ী থানার মামলা নং-৫৩ তারিখ-১৫/০৮/২০১৬ খ্রিঃ ধারা-১৭০/১৭১/৩৯৪ পিসি ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি র‌্যাবের পরিচয়ে গাড়ী ছিনতাইয়ের ঘটনা। মামলার তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) ডিবি'র সহায়তা নিয়ে মামলার রহস্য উদঘাটনের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৯। পল্টন মডেল থানার মামলা নং-৩৯ তারিখ- ২৭/০৮/২০১৬ খ্রিঃ ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনাটি পুলিশ সদস্যকে চাকু দ্বারা আঘাত করে ছিনতাইয়ের ঘটনা। মামলায় ০২জন আসামীকে হাতে নাতে গ্রেফতার করা হয়েছে। অন্যান্য পলাতক আসামীদের নাম ঠিকানা সংগ্রহ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) ধৃত আসামীর মোবাইল নম্বর সংগ্রহ করে সিডিআর নিয়ে অন্যান্য আসামীদের সনাক্ত করার নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২০। পল্লবী থানার মামলা নং-০৩ তারিখ-০১/০৮/২০১৬ খ্রিঃ ধারা-১৭০/৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি ১কোটি ৬০ লক্ষ টাকা ছিনতাইয়ের ঘটনা। মামলার ঘটনায় ৪২,৮০,০০০/-টাকা উদ্ধার করা হয়েছে। ঘটনায় ব্যবহৃত মাইক্রোবাস জব্দ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২১। আদাবর থানার মামলা নং-০৮ তারিখ-১৯/০৮/২০১৬ খ্রিঃ ধারা- ৩৯২/৩২৮পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনাটি ভিকটিমের চোখে মরিচের গুড়া দিয়ে ২,১০,০০০/-টাকা ছিনতাইয়ের ঘটনা। কিন্তু পরবর্তীতে জানা যায় ভিকটিম নিজেই উক্ত টাকা আত্মসাতের জন্য মিথ্যা অভিযোগ সাজিয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২২। ভাটারা থানার মামলা নং-২২ তারিখ-২০/০৮/২০১৬ খ্রিঃ ধারা- ৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি বিকাশের দোকানে ছিনতাইয়ের ঘটনা। মামলায় কোন আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি। সেলিম নামক একজন আসামীর সম্পৃক্ততা পাওয়া গেছে। তাকে গ্রেফতারের চেষ্টা অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) মূল আসামীকে গ্রেফতার পূর্বক মামলার রহস্য উদঘাটনের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৩। পল্টন মডেল থানার মামলা নং-০৪ তারিখ- ০৪/০৮/২০১৬ খ্রিঃ ধারা-৩৬৫/৩২৩/৩৮৫/৩৮৬৫০৬/৩৪পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলায় এজাহারনামীয় ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ভিকটিম উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৪। পল্টন মডেল থানার মামলা নং-৩৭ তারিখ- ২৫/০৮/২০১৬ খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৫/৫০৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলায় এজাহারনামীয় ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ভিকটিম উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৫। ডেমরা থানার মামলা নং-১২ তারিখ-১০/০৮/২০১৬ খ্রিঃ ধারা- ৩৬৫/৩৪পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনাটি মোটর সাইকেল চুরিকে কেন্দ্র করে ০১টি ছেলেকে অপহরণের ঘটনা। পরবর্তীতে উক্ত ছেলেটি অপহরণস্থল হতে পালিয়ে পদ্মা সেতুতে শ্রমিকের কাজ নেয়। বর্তমানে ভিকটিম উদ্ধার আছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৬। ডেমরা থানার মামলা নং-২২ তারিখ- ১৯/০৮/২০১৬ খ্রিঃ ধারা-৩৬৫/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিম সেচ্ছায় আত্মগোপন করে এবং পরবর্তীতে ভিকটিম নিজেই ফিরে আসে। এ সংক্রান্তে ভিকটিম নিজেই বিজ্ঞ আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক(তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন

২৭। দারুসসালাম থানার মামলা নং-০২ তারিখ-০২/০৮/২০১৬ খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৫/৩৮৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ভিকটিম ও আসামী ০২ জনই জনশক্তি রপ্তানির ব্যবসা করতো। ব্যবসায়ের টাকা ভাগাভাগি নিয়ে দ্বন্দের জেরে ভিকটিমকে আটক করে আসামী পক্ষ টাকা উদ্ধারের চেষ্টা করে। এ সংক্রান্তে ০১জন আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং ভিকটিম উদ্ধার হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) তদন্তে অভিযোগ মিথ্যা প্রমান হলে বাদীর বিরুদ্ধে দঃবিঃ ২১১ ধারায় ব্যবস্থা নেওয়ার নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৮। মোহাম্মদপুর থানার মামলা নং-১৯ তারিখ- ০৯ /০৮/২০১৬ খ্রিঃ ধারা-৩৬৫/৩৪৭/৩৮৪/৩৮৫/৩৮৬/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনাটি ভিকটিমের সম্পত্তি আত্মসাৎতের জন্য ভিকটিমকে অপহরণ করে তার কাছ থেকে জোরপূর্বক বাড়ীর দলিল স্বাক্ষর করিয়ে নেয়। এ সংক্রান্তে এজাহারনামীয় ০২জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। আসামী ০২ জনই বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

সভায় উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন), ডিএমপি, ঢাকা জানান যে, মামলার তদন্তকারী কর্মকর্তার নামের সাথে বিপি নং এবং টেলিফোন নম্বর সংযোজিত করতে হবে। তাহলে সাক্ষ্য প্রদানের সময় তদন্তকারী কর্মকর্তাকে যথাসময়ে বার্তা দেয়া নিয়ে জটিলতা সৃষ্টি হবে না।

সভায় যুগ্ম পুলিশ কমিশনার(ক্রাইম) ডিএমপি, ঢাকা মহোদয় বলেন, কোন আসামী গ্রেফতার হলে এবং তার স্থায়ী ঠিকানা ঢাকায় না হলে অনতিবিলম্বে সংশ্লিষ্ট থানার সাথে যোগাযোগ করে আসামীর নাম ঠিকানা যাচাই করে নিতে হবে। যথাসময়ে ই/এস প্রেরণ না করায় এবং তাগিদ দিয়ে ই/এস এর জবাব সংগ্রহ না করায় অনেক আসামী জামিনে চলে যাওয়ার পর নাম ঠিকানা যাচাই না করার কারণে চার্জশীট দেওয়া যাচ্ছেনা। এরূপ পরিস্থিতির উদ্ভব যাতে না হয় তদন্তকারী এবং তদারককারী কর্মকর্তাকে খেয়াল রাখতে হবে।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে মামলা তদন্তের পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার জন্য আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। বেশিরভাগ মামলার রহস্যই উদঘাটিত হয়েছে। বিশেষ করে খুন মামলার অগ্রগতি নিয়ে প্রশংসা করা হয়। আরো ভালভাবে মামলা তদন্তে মনোনিবেশ করার পরামর্শ দেন। তদন্তের ক্ষেত্রে জোনাল এসিদের মাঠে গিয়ে মামলার তদন্ত তদারকী করার নির্দেশ দেন। যে সকল মামলাগুলির রহস্য এখন পর্যন্ত উদঘাটিত হয়নি সে সকল মামলাগুলির রহস্য অতি শীঘ্রই উদঘাটন করতে হবে। সন্ত্রাস ও জঙ্গীবাদ নির্মূলে দৃশ্যমান পুলিশিং ও চেকপোস্ট আরো জোরদার করতে হবে। এ লক্ষ্যে সকলকে আন্তরিকতার সহিত কাজ করার নির্দেশ প্রদান করা হয়। রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা বিভাগে গত আগষ্ট/১৬খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি ও দস্যুতা মোট ২৮টি মামলা সম্পর্কে আলোচনা হয়। তন্মধ্যে ০৯ টি মামলা ডিএমপি মনিটরিং সেলের অন্তর্ভুক্ত করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ও
সভাপতি
মামলা তদন্ত মনিটরিং কমিটি

স্মারক নং-ডিএমপি(সংদঃ)/অপরাধ/মঃ সেল/৩৯-২০১৬/অংশ-৪/ তারিখ- -০৯-২০১৬খ্রিঃ।

অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ

১।	উপ-পুলিশ কমিশনার(রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা ডিবি- উত্তর/পশ্চিম/পূর্ব/দক্ষিণ/সিরিয়াস ক্রাইম/অপরাধতথ্য ও প্রসিকিউশন) বিভাগ, ডিএমপি, ঢাকা।	অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
২।	এসি (রমনা/ধানমন্ডি/মতিঝিল/সবুজবাগ/খিলগাঁও/লালবাগ/চকবাজার/কোতয়ালী/ডেমরা/শ্যামপুর/ /দক্ষিণখান/বাড্ডা/দারুসসালাম/পল্লবী/মোহাম্মদপুর/তেজগাঁও শিল্পাঞ্চল) ডিএমপি, ঢাকা।	
৩।	পি এ টু পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।	
৪।	পি এ টু অতিঃ পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ডিএমপি, ঢাকা।	অবগতির জন্য।
৫।	পি এ টু যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম), ডিএমপি, ঢাকা।	
৭।	অফিস নথি।	

(কৃষ্ণ পদ রায় বিপিএম,পিপিএম)
বিপি-৬৮৯৫০৭৫৯৬৮
যুগ্ম পুলিশ কমিশনার (ক্রাইম)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ফোন-৯৩৫০৩৪১, ফ্যাক্স-৯৩৬১৪৯
ই-মেইল ঃ jccrime@dmp.gov.bd